

নওগাঁয় অপহরণের ৩০ ঘণ্টা পর কলেজছাত্রী উদ্ধার

আসাদুর রহমান জয়, নওগাঁ থেকে ৪ সাতাহারের সান্দ্রিরা গ্রাম থেকে অপহৃত কলেজছাত্রীকে (১৭) ৩০ ঘণ্টা পর পুলিশ রানীনগর উপজেলা থেকে উদ্ধার করেছে। এ ঘটনার সঙ্গে জড়িত থাকার দায়ে পুলিশ অপহরণকারী মিন্টু হোসেনের মা মনোয়ারা বেগমসহ (৪২) ৬ জনকে গ্রেফতার করেছে।

জানা গেছে, বুধবার ভোরে প্রকৃতির ডাকে সাড়া দিতে কলেজছাত্রী (১৭) বাড়ির বাইরে গেলে আগে থেকে ওঁৎ পেতে থাকা একই গ্রামের আনছার আলীর ছেলে মিন্টু হোসেন (২১) ও তার সহযোগীরা কলেজছাত্রীকে অপহরণ করে নওগাঁর আদম দুর্গাপুর গ্রামে নিয়ে আসে। পরে সেখান থেকে তার পরিবার অপহৃতাকে উদ্ধার করে নিয়ে আসে এবং সমঝোতা করার জন্য সান্দ্রিরা গ্রামের মফিজ উদ্দিনের বাড়িতে নিয়ে আসে। একপর্যায়ে বিকেল ৫টার দিকে মিন্টু তার দলবল নিয়ে মফিজ মেস্বারের বাড়িতে অতর্কিত হামলা চালিয়ে পুনরায় কলেজছাত্রীকে অপহরণ করে নিয়ে যায়। এ ব্যাপারে বৃহস্পতিবার কলেজ-ছাত্রীর পিতা বাদি হয়ে থানায় মামলা করলে পুলিশ রানীনগর উপজেলা থেকে অপহৃতাকে উদ্ধার করে। এ ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে অপহরণকারী মিন্টুর মা মনোয়ারা বেগম (৪২), মোহাম্মদ আলী (৫০), উজ্জ্বল (১৯), কোরবান আলী (২০), গোলাম রসুল (২২) এবং রায়হানকে (২২) গ্রেফতার করেছে। পুলিশের উর্ধ্বতন কর্মকর্তা ঘটনাস্থল পরিদর্শন করেছেন। সান্দ্রিরা গ্রামে পুলিশি টহল জোরদার করা হয়েছে বলে জানা যায়।